# <u>নিউ ইয়র্ক স্টেট ফৌজদারি ইতিহাস সংক্রান্ত নথিপত্রাদি</u>

এক্সিকিউটিভ ল' আর্টিকেল 35 ফৌজদারি ইতিহাস সংক্রান্ত নথিপত্রাদির তথ্যের জন্য নিউ ইয়র্ক স্টেট ফৌজদারি বিচার পরিষেবা বিভাগকে (New York State Division of Criminal Justice Services, DCJS) কেন্দ্রীয় জমা রাখার সংস্থা হিসেবে স্থাপিত করে।

DCJS ফৌজদারি এবং অ-ফৌজদারি অনুসন্ধানের উত্তর হিসেবে ফৌজদারি ইতিহাস রিপোর্ট অথবা "র্যাপ শিট" প্রদান করে। ফৌজদারি ইতিহাস তথ্যের ব্যবহার অনুরোধকারী পক্ষের অধিকারের ওপর নির্ভর করে। DCJS-এর ফাইলে লভ্য তথ্যই প্রত্যেকটি রিপোর্টের মধ্যে থাকে কিন্তু তথ্য প্রকাশ করার পরিমাণ কে অনুরোধ করেছে, অনুরোধ করার কারণ এবং অনুরোধকৃত নথিপত্রাদির অবস্থানের ওপর নির্ভর করে।

উদাহরণস্বরূপ, নিউ ইয়র্ক স্টেট নিয়ামকের (9 NYCRR §6050.1) অধীনে, একজন ব্যক্তি DCJS-এ থাকা নিজের ফৌজদারি ইতিহাসের নথিপত্রাদির একটি প্রতিলিপি সংগ্রহ করতে পারেন। একজন ব্যক্তি এগুলির মধ্যে একটি পেতে পারেন:

- একজন ব্যক্তি সম্পর্কিত সমস্ত তথ্য থাকা নিজের সম্পূর্ণ ফৌজদারি ইতিহাসের একটি প্রতিলিপি;
- নথিপত্রাদির একটি প্রতিলিপি যার মধ্যে এমন কোনও তথ্য নেই যা সিল করা অথবা গোপনকৃত (লুকানো), উদাহরণস্বরূপ একটি ফৌজদারি মামলা(গুলির) রায় ব্যক্তির অনুকূল ছিল; অথবা
- একটি "কোনও নথিপত্র নেই" উত্তর যা নির্দেশ করে যে এজেন্সির কাছে ফাইলের মধ্যে কোনও ফৌজদারি ইতিহাস নেই।

র্যাপ শিটের নিম্নলিখিত উদাহরণটি সংযুক্ত তথ্যের ব্যাপারে ব্যখ্যা এবং বিবরণ প্রদান করে।

একটি র্যাপ শিটের মধ্যে ফৌজদারি (গ্রেফতারী, দোষী সাব্যস্তকরণ, ইত্যাদি) এবং নাগরিক (চাকরি, লাইসেন্স অথবা পার্মিট) তথ্য এবং নিম্নলিখিত বিভাগগুলি থাকতে পারে:

- মনোযোগ দিন - গুরুত্বপূর্ণ তথ্য
- সনাক্তকরণ তথ্য
- NYS ফৌজদারি ইতিহাসের তথ্য, নিম্নলিখিত সহ:
    - গ্রেফতারী/চার্জের তথ্য
    - আদালতের মামলার তথ্য
    - কারাবাসের তথ্য
    - পেরোলের তথ্য
    - প্রোবেশনের তথ্য
    - মুক্তির প্রশংসাপত্র
    - অন্যান্য তথ্য
- অন্যান্য ইতিহাস সম্পর্কিত তথ্য
- চাকরি/লাইসেন্সের তথ্য
- অনুসন্ধিত তথ্য
- নিরুদ্দিষ্ট ব্যক্তির তথ্য

**<u>মনোযোগ দিন - গুরুত্বপূর্ণ তথ্য</u>**

এই বিভাগের ব্যানার আছে যা যখন উপাস্থাপনা করা হয় তখন র‍্যাপ শিটে লভ্য নির্দিষ্ট তথ্যের ব্যাপারে এবং এরকম তথ্য প্রকাশ করার নিষেধাজ্ঞারা ব্যাপারে প্রাপককে সতর্ক করে। নিম্নলিখিতগুলি হলো কয়েকটি লভ্য ব্যানারের উদাহরণ:

**Attention - Important Information**

* See **Additional Information** at the bottom of this response for more banners pertaining to the criminal history

**Required to provide a DNA sample for inclusion in the State DNA databank. Call DCJS Office of Forensic Services at (518) 457-1901 during business hours for more information.**
"DNA specimen collection guide"

**Currently under Sentence to NYS Department of Correctional Services. Call the Office of the Inspector General at (718)626-1710 during business hours of 7:00 AM to 7:00 PM Eastern Standard Time, Monday thru Friday. At any other time, please contact the Command Center, New York State Department of Correctional Services at (518)457-5902.**

**Violent Felony offense(s) on file**

## <u>সনাক্তকরণ তথ্য</u>

এই বিভাগটি র‍্যাপ শিটের ব্যক্তির নাম এবং অন্যান্য ব্যক্তিগত তথ্য প্রদান করে।

**Identification Information**



**Name:**

SAM SAMPLE | CARL PUBLIC
JOHNNIE DOE | SAMMY SAMPLE
JOHNNIE DILLENGER | MICHAEL SAMPLE
JOE ANYBODY | SAMMY E HOSTNAME

**Date of Birth:**

May 24, 1956 May 25, 1956 Jan 28, 1960
May 06, 1957 May 24, 1957

**Place of Birth:**

New York Massachusetts New Jersey

Cycle 9
**Arrest Date July 06, 2006**

**Address:**

BLACK ROCK RD, KING FERRY, NY
16 KARNER RD, COLONIE, NY
29 BRUEN COURT, ORCHARD PARK, NY
345 ROUTE 20, DUANESBURG, NY
44 BEAVER ST, NEW YORK, NY 10004
534 MAXWELL ST, DEWITT, NY
9 STUYVESANT PLZ, ALBANY, NY
BLACK ROCK RD, KINGS FERRY, NY

| Sex: | Race: | Ethnicity: | SkinTone: |
|---|---|---|---|
| Male/Unknown | White | Hispanic | Light |
| **Eye Color:** | **Hair Color:** | **Height:** | **Weight:** |
| Hazel | Blonde | 5' 07" | 160 |

**SSN:**

099-99-9992 099-99-9991 099-99-9994

| NYSID#: | FBI#: | Probation Client ID#: | NCIC Classification: |
|---|---|---|---|
| 05870633R | 9003300 | 1690020 | CIPO1217131611121314 |

**III status:** Criminal record in other states or in multiple FBI files for NYS

**US Citizen:**

**জন্ম তারিখের** মধ্যে একাধিক তারিখ থাকতে পারে।

**জন্মের স্থান** হলো সেই জায়গা যেখানে ব্যক্তির জন্ম হয়েছে।

**ঠিকানার** মধ্যে একাধিক ঠিকানা তালিকাভুক্ত থাকতে পারে।

**লিঙ্গ, জাতি, জাতীয়তা এবং ত্বকের বর্ণ** বেশিরভাগ সময় রিপোর্ট করা তথ্য নির্দেশ করে। অতএব, যদি একাধিক লিঙ্গ রিপোর্ট করা হয়, রিপোর্ট করা সমস্ত লিঙ্গ দেখানো হবে; যদি একাধিক জাতি থাকে, জাতীয়তা এবং ত্বকের বর্ণের ব্যাপারে সমানভাবে রিপোর্ট করা হয়, একটির চেয়ে বেশি এন্ট্রি দেখা যাবে।

**চোখের রং, চুলের রং, উচ্চতা এবং ওজন** সবচেয়ে সম্প্রতি রিপোর্ট করা তথ্য নির্দেশ করে।

**SSN** (সোস্যাল সিকিউরিটি নম্বর) -এর মধ্যে একাধিক নম্বর থাকতে পারে।

**NYSID #** (নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন নম্বর) হলো DCJS দ্বারা ফৌজদারি এবং/অথবা সিভিল নিউ ইয়র্ক স্টেট ইতিহাস সহ একজন ব্যক্তির জন্য নির্দিষ্ট একটি অদ্বিতীয় নম্বর। যদি একজন ব্যক্তির অতীতের সমস্ত ইতিহাস সিল করা থাকে তাহলে তার একটির চেয়ে বেশি NYSID নম্বর থাকতে পারে।

**FBI #** (ফেডেরাল বিউরো অফ ইনভেস্টিগেশন নম্বর) হল FBI দ্বারা আরোপিত প্রাথমিক সনাক্তকরণ এবং ফাইল নম্বর।

**প্রোবেশন ক্লায়েন্ট আইডি #** হলো একজন ব্যক্তির প্রোবেশন তদারকির জন্য সংযুক্ত একটি আইডেন্টিফিকেশন নম্বর, যদি প্রযোজ্য হয়।

**NCIC ক্লাসিফিকেশন #** হলো ন্যাশনাল ক্রাইম ইনফর্মেশন সেন্টার ফিঙ্গারপ্রিন্ট ক্লাসিফিকেশন নম্বর।

**III S স্থিতি** (ইন্টারস্টেট আইডেন্টিফিকেশন ইনডেক্স স্থিতি) নিউ ইয়র্ক বাদে অন্যান্য স্টেটে তথ্য লভ্য আছে কিনা নির্দেশ করে।

**মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক** নির্দেশ করে যে ব্যক্তি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক কিনা।

**দ্রষ্টব্য**: শুধুমাত্র সিল করা নথিপত্রাদি সম্পর্কিত তথ্য আইন দ্বারা সিল করা তথ্য প্রকাশ করার অনুমতি না থাকলে প্রকাশ করা হবে না। অতএব, একজন ব্যক্তির সিল করা তথ্য সহ নিজের রেকর্ডের একটি প্রতিলিপি পাওয়ার জন্য যোগ্য।

## নিউ ইয়র্ক ইয়র্ক স্টেট ফৌজদারি ইতিহাস নথিপত্রাদি

এই বিভাগটি DCJS নথিপত্রাদিতে রাখা ফৌজদারি ঘটনা অথবা “সাইকেল”কে উপস্থাপিত করে। প্রত্যেকটি সাইকেল নির্দেশ করে যে কখন একজন ব্যক্তির আঙুলের ছাপ নেওয়া হয়েছিল।

গ্রেফতারী/চার্জের তথ্য

গ্রেফতারকারী এজেন্সি দ্বারা গ্রেফতারির চার্জ রিপোর্ট করা হয় এবং এর সঙ্গে সাধারণতঃ গ্রেফতারি ফিঙ্গারপ্রিন্ট ট্রান্সমিশনও থাকে। আদালত দ্বারা দোষ আরোপ করা এবং বিন্যস্ত চার্জগুলি “আদালত মামলা তথ্যের” অধীনে রিপোর্ট করা হয়।

**Arrest/Charge Information**
**Arrest Date: July 06, 2006 08:00 pm (20:00:00)**

| | |
|---|---|
| **Name:** | SAM SAMPLE |
| **Date of Birth:** | January 28, 1960 |
| **Sex:** | Male |
| **Ethnicity:** | Hispanic |
| **SSN:** | 099-99-9992 |
| **Age at time of crime/arrest:** | 46 |
| **Address:** | BLACK ROCK RD, KING FERRY, NY |
| **Fax Number** | 73154 |
| **Place of Arrest:** | New York County, NY |
| **Date of Crime:** | July 06, 2006 |
| **Place of Crime:** | New York County, NY |
| **Criminal Justice Tracking No.:** | 30622109J |
| **Arresting Agency:** | NYCPD PCT 030 |
| **Arresting Officer ID:** | 874981 |
| **Arrest Number:** | M06999923 |
| **Arrest Charges:** | |

-- Criminal Possession Of A Weapon- 2nd Degree
PL 265.03 Class C Felony Degree 2 NCIC 5212

-- Attempted Criminal Sexual Act-1st Degree: By Forcible Compulsion
PL 130.50 Sub 01 Class C Felony Degree 1 NCIC 1199

"কোনও গ্রেফতারির রিপোর্ট করা হয়নি" গ্রেফতারির তথ্যের নির্দিষ্ট স্থানে দেখা যাবে, যখন গ্রেফতারকারী এজেন্সি গ্রেফতারের ব্যাপারে জানাবে না।

যদি এই গ্রেফতারির ক্ষেত্রে বিশেষ পরিস্থিতি প্রযোজ্য হয় তাহলে সাইকেল নম্বরের নিচে এবং গ্রেফতারির তারিখের আগে অতিরিক্ত তথ্য থাকবে, যার মধ্যে নিম্নলিখিতগুলি থাকতে পারে:

- **আঙুলের ছাপ দ্বারা সাইকেল সমর্থিত নাও হতে পারে** - তথ্যকে সমর্থন করার জন্য ফাইলের ওপর এই গ্রেফতারির কোনও আঙুলের ছাপ থাকে না।

- **হিংস্র গুরুতর অপরাধ** - এই সাইকেলে নিউ ইয়র্ক স্টেট পেনাল ল' আর্টিকেল 70.02-এ আখ্যাত হিংস্র গুরুতর অপরাধ হিসেবে বিশ্লেষিত একটি চার্জ থাকে। এই চার্জটি গ্রেফতারি, দোষ আরোপ এবং ডিসপোজিশন অথবা কেন্দ্রে পাঠানোর চার্জ।

- **গার্হস্থ্য হিংসা রিপোর্ট জমা করা হয়েছে -** গ্রেফতারির সময় গার্হস্থ্য হিংসার রিপোর্ট দায়ের করা হয়েছে। এটি একটি সুরক্ষার আদেশপত্র নয়:

- **যুব অপরাধী -** এই সাইকেলের মধ্যে আদালত দ্বারা যুব অপরাধী (youthful offender, YO) রায় থাকে।

- **কিশোর অপরাধী -** গ্রেফতারির সময় চার্জগুলি কিশোর অপরাধী (juvenile offender, JO) চার্জ হিসেবে বিবেচনা করা হয়।

- **কিশোর অপরাধ -** গ্রেফতারির সময় চার্জগুলি কিশোর অপরাধ (juvenile delinquent, YD) চার্জ হিসেবে বিবেচনা করা হয়।

আদালতের মামলার তথ্য

সংশ্লিষ্ট গ্রেফতারির জন্য গ্রেফতারি/চার্জে তথ্যের ঠিক নিচেই আদালতের তথ্য দেখা যাবে।

**আদালত** হলো সেই আদালতের নাম যেখানে মামলার শুনানি হয়েছিল।

**কেস নম্বর** স্থানীয় আদালতে ডকেট নম্বর এবং উচ্চতম আদালতের মধ্যে অভিযোগপত্র নম্বর অথবা উচ্চতম আদালত তথ্য নম্বর চিহ্নিত করার জন্য ব্যবহার করা হয়।

-- **Court:** New York County Supreme Court **Case Number:** 2006-3452

**Initial Report Of Indictment Number** August 01, 2006

**Convicted Upon Plea Of Guilty** August 27, 2006
-- Attempted Criminal Sexual Act-1st Degree: By Forcible Compulsion
PL 130.50 Sub 01 Class C Felony NCIC 1199

**In Full Satisfaction of:**
-- Criminal Possession Of A Weapon- 2nd Degree
PL 265.03 Class C Felony NCIC 5212

**Sentenced to:** Term: 1 Year(s) to 3 Year(s) Sentence Date: August 27, 2006

ডিসপোজিশন হলো আদালত দ্বারা গৃহীত পদক্ষেপ এবং সেই পদক্ষেপের তারিখ। র‍্যাপ শিট প্রাপকদের অবগত হতে হবে যে ডিসপোজিশনের তথ্য সবসময় আপডেট করা হয়। আদালতগুলি ইলেক্ট্রনিক্যালি DCJS-কে ডিসপোজিশনের ব্যাপারে রিপোর্ট করে। যদি ডিসপোজিশন ব্যাপারে DCJS -কে না রিপোর্ট করা হয় তাহলে আদালতের তথ্যের পরিবর্তে "কোনও ডিসপোজিশন রিপোর্ট করা হয়নি" দেখা যাবে।

উপরে তালিকাভুক্ত চার্জগুলি দোষারোপ এবং ডিসপোজিশনের চার্জ। এগুলি গ্রেফতারির চার্জ থেকে ভিন্ন কারণ এগুলি সেই চার্জগুলিকে নির্দেশ করে যা জারি করা হয়েছে। ক্ষমাপ্রার্থনা চুক্তি হিসেবে যে চার্জগুলিকে বরখাস্ত করা হয় তা "সম্পূর্ণ সন্তুষ্টি অনুযায়ী"-এর পর এখানে তালিকাভুক্ত থাকতে পারে এবং যে চার্জগুলি অন্য চার্জের থেকে কমানো হয় তা "কমানো হয়েছে"-এর পর এখানে তালিকাভুক্ত থাকতে পারে।

শাস্তি এবং শাস্তির তারিখ, সমাপ্তিতি উল্লেখ করা হবে।

যদি গ্রেফতারি এবং ডিসপোজিশনের কারণে ফলাফল প্রতিবাদীর অনুকূল এসে থাকে তাহলে র‍্যাপ শিটটি এরকম দেখতে হতে পারে:

**Court Case Information**

-- **Court:** Guilderland Town Court **Case Number:** 98001

**Arraigned** March 10, 1998
-- Criminal Tampering-2nd Degree
PL 145.15 Class A Misdemeanor NCIC 2999

**Dismissed** March 10, 1998
-- Criminal Tampering-2nd Degree
PL 145.15 Class A Misdemeanor NCIC 2999

**Sealed Upon Termination Of Criminal Action In Favor Of The Accused CPL160.50** November 16, 1998

নিউ ইয়র্ক স্টেট ফৌজদারি প্রোসিডিওর ল' (Criminal Procedure Law, CPL) §§160.50 এবং 160.55 অনুযায়ী অনুকূল রায় সিল করা যেতে পারে এবং CPL 160.58 অনুযায়ী শর্তসাপেক্ষ ভাবে সিল করা যেতে পারে। এটি সিল করা আদালতের মামলার সমাপ্তিতে উল্লেখ করা হয়।

CPL 170.56 অনুযায়ী বরখাস্তকরণের ব্যাপারে বিচারের উদ্দেশ্যে মুলতুবী গাঁজার চার্জ ব্যতীত সমস্ত মামলার জন্য গ্রেফতারির ক্ষেত্রে যখন কোনও ব্যবস্থা "অভিযুক্তের অনুকূল ফৌজদারি পদক্ষেপের সিল করা সমাপন CPL 160.50 হয়" তখন সমর্থনকারী ফিঙ্গারপ্রিন্ট কার্ড নষ্ট করে দেওয়া হয়। যদি একটি সাইকেলের জন্য একাধিক আদালতের মামলা থাকে তাহলে সম্পূর্ণ সাইকেলের উদ্দেশ্যে সিল করার জন্য এবং আঙুলের ছাপ নষ্ট করার জন্য সমস্ত মামলার পরিণাম অবশ্যই সিল হওয়া উচিত।

এই সিল করা গ্রেফতারি এবং ডিসপোজিশন র‍্যাপ শিটে সংযুক্ত করা হবে, যদি আইন দ্বারা এই তথ্যের প্রকাশ অনুমোদিত হয় অথবা কোনও ব্যক্তি উক্ত সিল করা গ্রেফতারি এবং ডিসপোজিশন সহ নিজের ফৌজদারি ইতিহাসের নথিপত্রাদির প্রতিলিপি সংগ্রহ করার বিকল্প বেছে নেন।

<u>কারাবাসের তথ্য</u>

স্থানীয় কারাগার এবং নিউ ইয়র্ক স্টেটে সংশোধন এবং কমিউনিটি পর্যবেক্ষণ বিভাগ (New York State Department of Corrections and Community Supervision, DOCCS), যা স্টেটের কারাগার পরিচালনা করে এবং কোনও দোষী সাব্যস্ত ব্যক্তি যখন কেন্দ্রে প্রথমবার প্রবেশ করে তখন কারাগারে প্রবেশ করার ব্যাপারে DCJS-কে রিপোর্ট করে। কোনও বন্দীকে কেন্দ্র থেকে মুক্ত করা হলে এবং যদি উপযুক্ত হয় পেরোল লঙ্ঘনের কারণে কোনও বন্দীকে কেন্দ্রে ফেরত পাঠানো হলে DOCCS দ্বারা DCJS-কে জানানো হয়।

**Incarceration/Supervision Information**

**Incarceration Admission Information**

| | |
|---|---|
| **Admission Date:** | September 01, 2006 |
| **Admission Reason:** | New Commitment |
| **Agency:** | NYSDOCS Elmira Reception Center |
| **State Inmate ID No.:** | 66B1300 |
| **Sentence to:** | Term: 1 Year(s) to 3 Year(s) |
| **Max Expiration Date:** | September 01, 2009 |
| **Conditional Release Date:** | September 02, 2007 |
| **Inmate Name:** | SAM SAMPLE |
| **Admission Charges:** | |

-- Attempted Criminal Sexual Act-1st Degree: By Forcible Compulsion
PL 130.50 Sub 01 Class C Felony Degree 1 NCIC 1199

**প্রবেশের তারিখ** হলো সেই তারিখ যখন এজন ব্যক্তিকে স্থানীয় কারাগার অথবা স্টেটের কারাগারে বন্দী করা হয়।

**প্রবেশের কারণ** হলো প্রবেশ করার কারণ।

এজেন্সি হলো সেই সংস্থা যা প্রারম্ভিক প্রবেশ তথ্যের ব্যাপারে রিপোর্ট করে। **দ্রষ্টব্য**: কোনও বন্দীকে একটি কারাগার থেকে অন্যটিতে স্থানান্তর করা হলে এই ব্যাপারে DOCCS রিপোর্ট করে না।

**স্টেট ইনমেট আইডি নং.** হলো DOCCS অথবা স্থানীয় কেন্দ্র দ্বারা নির্দিষ্ট নম্বর। এটিকে প্রায় "DIN" নম্বরও বলা হয়।

**শাস্তির সীমার** অর্থ হলো শাস্তি শোনানোর সময় আদালত দ্বারা নির্ধারিত কারাগারে থাকার সময়সীমা।

**সর্বাধিক সমাপ্তির তারিখ** হলো শেষ তারিখ যখন বন্দী নিজের শাস্তির সম্পূর্ণ মেয়াদ পূরণ করবেন।

**শর্তসাপেক্ষ মুক্তির তারিখ** হলো সবচেয়ে সাম্প্রতিক তারিখ যখন একজন ব্যক্তিকে কারাগার থেকে অবশ্যই মুক্ত করতে হবে।

**মুক্তির তারিখ** হলো সেই তারিখ যখন একজন বন্দীকে কারাগার থেকে মুক্ত করা হবে।

**মুক্তির কারণ** হলো কারাগার থেকে মুক্তির কারণ।

পেরোলের তথ্য

একজন ব্যক্তিকে কারাগর থেকে মুক্ত করে পেরোলে ছাড়া হলে; একজন ব্যক্তি নিজের পেরোল মেয়াদ সম্পূর্ণ করলে এবং মুক্ত হলে; অথবা কোনও কারণের জন্য পেরোল বাতিল করা হলে(উদাহরণস্বরূপ অন্য কোনও অপরাধ করলে), এই সমস্ত সহ পর্যবেক্ষণ প্রক্রিয়ার বিভিন্ন প্রয়াসের সাহায্যে DOCCS ইলেক্ট্রনিক্যালি DCJS-কে তথ্য রিপোর্ট করে।

**দ্রষ্টব্য:** একজন ব্যক্তিকে প্রথমে কারাগারে না পাঠিয়ে আদালত দ্বারা প্রত্যক্ষভাবে পেরোল পর্যবেক্ষণের শাস্তি দেওয়া যেতে পারে। এই নির্ধারণের ক্ষেত্রটি “উইলার্ড” হিসেবে তালিকাভুক্ত থাকবে। যদি এই ঘটনায় ডিসপোজিশন উপস্থিত থাকে তাহলে শাস্তির জায়গা "পেরোল পর্যবেক্ষণ শাস্তি" লেখা থাকবে।

**Parole Release Information**

| | |
|---|---|
| **Received by Parole on:** | February 15, 1987 |
| **Release Type:** | Initial Release to Parole |
| **Max Expiration Date:** | June 01, 1989 |
| **Supervision Office:** | Manhattan I |
| **Parole ID Number:** | 86B1300 |
| **Name:** | CARL PUBLIC |

**Parole Discharge Information**

| | |
|---|---|
| **Discharged from Parole on:** | June 10, 1987 |
| **Discharge Type:** | Discharged - Statutory Action |
| **Parole ID Number:** | 86B1300 |

**এই তারিখে পেরোল দেওয়া হয়েছে** হলো সেই তারিখ যখন একজন ব্যক্তিকে কারাগার থেকে মুক্ত করে পেরোলে ছাড়া হয়েছে।

**মুক্তির প্রকার** হল পেরোলে মুক্ত করার কারণ।

**সর্বাধিক সমাপ্তির তারিখ** হলো শেষ তারিখ যখন একজন ব্যক্তি তার পেরোল সম্পূর্ণ করবেন।

**পর্যবেক্ষণ অফিস** হলো সেই এলাকা যেখানে একটি পেরোলের ব্যক্তিকে নির্ধারিত করা হয়।

**পেরোল আইডি নম্বর** হলো ইনমেট আইডি নম্বরের মতো একই নম্বর।

**পেরোল থেকে মুক্তি** হলো সেই তারিখ যখন একজন ব্যক্তিকে পেরোল থেকে মুক্ত করা হয়েছে।

**মুক্তির প্রকার** হলো সেই কারণ যার জন্য ব্যক্তি আর পেরোল পর্যবেক্ষণের অধীনে নেই।

প্রোবেশনের তথ্য

এই তথ্যটি প্রোবেশন বিভাগ দ্বারা ইলেক্ট্রনিক্যালি রিপোর্ট করা হয়, যেমন নিচে দেখানো হয়েছে।

**Probation Information**

| | |
|---|---|
| **Name:** | JOHNNIE DILLENGER |
| **Address:** | 44 BEAVER ST, NEW YORK, NY 10004 |
| **Sex:** | Male |
| **Race:** | White |
| **Ethnicity:** | Not Hispanic |
| **Placed on Probation:** | July 02, 2006 |
| **Max Expiration Date:** | July 02, 2009 |
| **Supervision Agency:** | Broome County Probation |
| **Jurisdiction Agency** | Kings County Probation Adult Supervision- Reporting |
| **Probation Registration Number:** | 3057004 |
| **Probation Discharge Date:** | August 27, 2006 |
| **Discharge Type:** | Revoked - Technical Violation |

**প্রোবেশনে ছাড়া হয়েছে** হলো সেই তারিখ যখন একজন ব্যক্তিকে প্রোবেশনে ছাড়া হয়।

**সর্বাধিক সমাপ্তির তারিখ** হলো সেই শেষ তারিখ যখন একজন ব্যক্তি নিজের প্রোবেশন মেয়াদ সম্পূর্ণ করবেন।

**পর্যবেক্ষণ এজেন্সি** হলো সেই কাউন্টি প্রোবেশন বিভাগ যেখেনে ব্যক্তি রিপোর্ট করবেন।

**অধিকারক্ষেত্র এজেন্সি** হলো প্রোবেশনারের জন্য আইনগত দায়িত্বপ্রাপ্ত প্রোবেশন বিভাগ। কিছু ক্ষেত্রে একজন ব্যক্তির নিজের আবাসন অথবা অন্যান্য কারণের জন্য অন্য কাউন্টি দ্বারা পর্যবেক্ষণ করা যেতে পারে কিন্তু বিচারক্ষেত্রটি সেই বিচারপতির কাউন্টিতে সংরক্ষিত রয়েছে যেখানে ব্যক্তিকে শাস্তি শোনানো হয়েছিল।

**প্রোবেশন অফিসার আইডি** যে অফিসারের কাছে ব্যক্তি রিপোর্ট করেন তাকে চিহ্নিত করে।

**প্রোবেশন রেজিস্ট্রেশন নম্বর** হলো সেই নম্বর যা একটি পর্যবেক্ষণ মামলা চিহ্নিত করার জন্য ব্যবহার করা হয়। যদি একজন ব্যক্তির একাধিক প্রোবেশন শাস্তি থাকে তাহলে প্রত্যেকটির জন্য একটি ইউনিক নম্বর থাকবে।

**প্রোবেশন কেস নম্বর** হলো সেই ব্যক্তির সনাক্তককরণ নম্বর যাকে স্টেটের বাইরের ট্রান্সফর মামলা হিসেবে নিউ ইয়র্কে স্থানান্তরণ করা হয়েছে।

**প্রোবেশন থেকে মুক্তির তারিখ** হলো সেই তারিখ যখন একজন ব্যক্তি আর প্রোবেশন পর্যবেক্ষণের অধীনে থাকেন না।

**মুক্তির প্রকার** হলো সেই কারণ যার জন্য ব্যক্তির আর প্রোবেশন পর্যবেক্ষণে নন।

<u>নিবৃত্তির প্রশংসাপত্র (নাগরিক প্রতিবন্ধকতার থেকে)</u>

নাগরিক প্রতিবন্ধকতার থেকে নিবৃত্তির প্রশংসাপত্র একজন ব্যক্তি যিনি যে কোনও সংখ্যার ন্যূনতর অপরাধ অথবা একটি গুরুতর অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয়েছে তাকে আদালত অথবা DOCCS দ্বারা জারি করা হয়।(সংশোধন আইন §§701-703)।

এই নিবৃত্তির প্রশংসাপত্রের উদ্দেশ্য হলো যে কোনও বাজেয়াপ্তকরণ অথবা প্রতিবন্ধকতা থেকে ব্যক্তিকে মুক্ত করা, যেমন একটি গ্রেফতারির জন্য তার ওপর আপনাআপনিই আরোপিত চাকরির ওপর নিষেধাকজ্ঞার অপসরাণ, <u>কেবল সরকারি অফিসে কাজ সংরক্ষিত রাখা অথবা যোগ্য হওয়ার অধিকার ব্যতীত।</u>

এই নিবৃত্তির প্রশংসাপত্রটি কোনও বিচার সংক্রান্ত, প্রাশাসনিক, লাইসেন্সিং অথবা অন্য কোনও সংস্থা, বোর্ড অথবা কর্তৃপক্ষকে কোনও লাইসেন্স, পার্মিট অথবা অন্য কোনও অধিকার অথবা মর্যাদা নিলম্বন, প্রত্যাহার, জারি করতে প্রত্যাখান অথবা পুনর্নবীকরণ করতে প্রত্যাখান করার নিজের একমাত্র ক্ষমতা ব্যবহার করার জন্য প্রশংসাপত্রে দোষী সাব্যস্তকরণের বিবরণের ওপর আইনগত ভাবে নির্ভর করাকে নিষিদ্ধ করে না।

নিবৃত্তির প্রশংসাপত্র প্রদান করা অপরাধীর ফৌজদারি নথিপত্রাদির থেকে নিম্নলিখিত দোষী সাব্যস্তকরণকে অপসারিত করে না এবং এর ফলে কোনও মামলা সিল করা হয় না।

**Certificate of Relief**

| | |
|---|---|
| **Agency:** | New York County Supreme Court |
| **Date:** | June 10, 1987 |
| **Permanency Date:** | December 10, 1990 |
| **Issue Type:** | A |
| **Relief Description:** | Relieves holder of all forfeitures, all disabilities and bars to employment, excluding right to retain or be eligible for public office; certificate issued at time of sentence. |

এই প্রশংসাপত্রটি জারি করা তারিখ এবং **স্থায়িত্বের তারিখের** মাঝে যে কোনও সময় সংশোধন অথবা প্রত্যাহার করা যেতে পারে। **স্থায়িত্বের তারিখের** পর, এই প্রশংসাপত্রটিতে কোনও সংশোধন অথবা প্রত্যাহার করা যাবে না।

<u>অন্যান্য তথ্য</u>

এই বিভাগের মধ্যে 1 ফেব্রুয়ারি, 1972-এর আগে নিউ ইয়র্ক স্টেটের গ্রেফতারি, ডিসপোজিশন, কারাবাস এবং পর্যবেক্ষণ তথ্য থাকে। এই ঘটনাগুলির র্যাপ শিটের "ফৌজদারি ইতিহাস তথ্যের" মধ্যে উল্লেখিত ঘটনার মতো ততটা বিস্তৃত তথ্য নেই।

**Other Information**
**Date: December 30, 1971**

| | |
|---|---|
| **Arrest or Charge Data:** | NYPD TRANSIT- PL 165.15 OBTAIN TRANS W/O PAY |
| **Disposition or Correction Data:** | 12/30/71 FINE 15 OR 2 DAYS |

## অন্যান্য ইতিহাস-সম্পর্কিত তথ্য

এটি সেই ব্যক্তির ব্যাপারে তথ্য নির্দেশ করে যিনি এমন র‍্যাপ শিটের বিষয় যেটি কোনও নির্দিষ্ট সাইকেল সম্পর্কিত নয়। এই শিরোনামের অধীনে তথ্য সদাচরণের প্রশংসাপত্র সম্পর্কিত হতে পারে কিন্তু এর মধ্যেই সীমিত নয়।

কোনও প্রতিবন্ধকতা বা চাকরির নিষেধাজ্ঞার থেকে একজন ব্যক্তিকে নিবৃত্ত করার জন্য DOCCS দ্বারা সদাচরণের প্রশংসাপত্র জারি করা যেতে পারে।(সংশোধন আইন §§703-a, 703-b)। এটি একটি অথবা তার চেয়ে বেশি প্রতিবন্ধকতা অথবা নিষেধাজ্ঞার মধ্যে সীমিত হতে পারে অথবা সেই ব্যক্তিকে সমস্ত প্রতিবন্ধকতা এবং নিষাধাজ্ঞার থেকে নিবৃত্ত করতে পারে। একজন ব্যক্তিকে অবশ্যই কমিউনিটির মধ্যে ন্যূনতম মেয়াদের জন্য সদাচরণ করতে হবে যেমন অপকর্ম অথবা দোষারোপের জন্য এক বছর, ক্লাস C, D অথবা E গুরুতর অপারাধে দোষী সাব্যস্তকরণের জন্য তিন বছর, ক্লাস A অথবা B গুরুতর অপরাধে দোষী সাব্যস্তকরণের জন্য পাঁচ বছর।

সদাচতরণের প্রশংসাপত্র প্রদান করা নিম্নস্থ দোষী সাব্যস্তকরণকে অপসারিত করে না। যদি সম্ভাব্য নিয়োগকর্তা অথবা লাইসেন্সিং এজেন্সিকে নিয়োগ প্রত্যাখানের অথবা লাইসেন্স অস্বীকার করার আইনি সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে প্রতিরোধ না করে। যদিও, প্রশংসাপত্র জারি করা হলে এটি লাইসেন্স অথবা চাকরির উদ্দেশ্যকে কভার করে এমন অপরাধ বা অপরাধগুলির সম্পর্কে পুর্বাসনের ধারণা তৈরি করে।

**Other History Related Information**

**Good Conduct Information**

| | |
|---|---|
| **Name:** | SAM SAMPLE |
| **Agency:** | NYS Division of Parole- Albany Quality Control Unit |
| **Issue Date:** | October 15, 1987 |
| **Permanency Date:** | January 01, 2000 |
| | TO REMOVE ALL LEGAL BARS AND DISABILITIES TO EMPLOYMENT, LICENSE AND PRIVILEGE EXCEPT THOSE IMPOSED BY SECTIONS 265.01 (4) AND 400.00 OF THE PENAL LAW AND EXCEPT THE RIGHT TO HOLD PUBLIC OFFICE. |

**জারি করার তারিখ** হলো সেই তারিখ যখন প্রশংসাপত্র জারি করা হয়েছে। জারি করার তারিখ থেকে **স্থায়ী তারিখের** মাঝে যে কোনও সময় প্রশংসাপত্র সংশোধন অথবা প্রত্যাহার করা যেতে পারে। **স্থায়িত্বের তারিখের** পর, এই প্রশংসাপত্রটিতে কোনও সংশোধন অথবা প্রত্যাহার করা যাবে না।

## চাকরি/লাইসেন্সের তথ্য

র‍্যাপ শিটের এই বিভাগে চাকরি অথবা লাইসেন্স আবেদন সম্পর্কিত ব্যক্তির ব্যাপারে তথ্য আছে যার জন্য তাকে আঙুলের ছাপ-ভিত্তিক নিজস্ব ফৌজদারি ইতিহাস বিবরণ যাচাই করাতে হবে। এই তথ্যটি ফৌজদারি ক্রিয়াকলাপের সাথে সম্পর্কিত নয়।

র‍্যাপ শিটের মধ্যে চাকরি অথবা লাইসেন্স তথ্যের উল্লেখের অর্থ **এই নয়** যে ব্যক্তিকে নিযুক্ত করা হয়েছিল অথবা লাইসেন্স মঞ্জুকর করা হয়েছিল।

অতএব, পিস্তল লাইসেন্সের (পার্মিট) ক্ষেত্রে র‍্যাপ শিটের মধ্যে সেই তারিখের উল্লেখ থাকবে যখন পিস্তল পার্মিট মঞ্জুর করা হয়েছিল, যদি স্থানীয় লাইসেন্সিং আধিকারিক DCJS-এর কাছে তথ্য পাঠিয়ে থাকেন।

### Job/License Information

**Civil Information**

| | |
|---|---|
| **Type of Application:** | Security Guard Registrant |
| **Comments:** | THREE BLIND MICE SECURITY COMPANY |
| **Name:** | CARL PUBLIC |
| **Address:** | 29 BRUEN COURT, ORCHARD PARK, NY |
| **Date of Birth:** | May 06, 1957 |
| **SSN:** | 099999991 |
| **Agency ID:** | 730101 |
| **Date of Application:** | February 29, 1988 |
| **Application Agency:** | NYS Department of State- Licensing Division |
| **Application Number:** | 730101 |

**অনুসন্ধিত তথ্য**

যদি ফৌজদারি ইতিহাস পাওয়া যায় তাহলে নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন নম্বর (NYSID#) সম্পর্কিত নথিপত্রাদি ফেরত দেওয়া হবে। যদি কোনও তথ্য ফেরত না দেওয়া হয়, তাহলে র‍্যাপ শিটের মধ্যে নিম্নলিখিত বার্তাটি থাকবে:

### Wanted Information

There is no NYS Wanted Information associated with this history.

**নিরুদ্দিষ্ট ব্যক্তির তথ্য**

যদি কোনও তথ্য ফেরত না দেওয়া হয়, তাহলে র‍্যাপ শিটের মধ্যে নিম্নলিখিত বার্তাটি থাকবে:

### Missing Person Information

There is no NYS Missing Person Information associated with this history.